দৈনিক জনকণ্ঠ

তারিখ 01. JUL. 2017
পৃষ্ঠা ১ কলাম ৪

# প্রাথমিক বিদ্যালয়ে প্রথম ও শেষ পিরিয়ডে ক্লাস নিতে হবে প্রধান শিক্ষককে

স্টাফ রিপোর্টার ॥ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের প্রথম ও শেষ পিরিয়ডে ক্লাস নেয়াসহ ১৫ নির্দেশনা জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সম্প্রতি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ আব্দুল মান্নানের স্বাক্ষরিত পরিপত্রে শিক্ষকদের জন্য এসব নির্দেশনা দেয়া হয়। সব স্কুলকে এসব নির্দেশনা বাধ্যতামূলক অনুসরণ করার নির্দেশনা দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বিষয়গুলো জেলা-উপজেলা শিক্ষা

*(২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)*

## প্রাথমিক বিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

অফিসারদের মনিটরিং করার নির্দেশনাও দেয়া হয়েছে। পাশাপাশি নিয়মিত প্রতিবেদন প্রদানের নির্দেশ দেয়া হয়েছে। বিষয়টি নিশ্চিত করে প্রাথমিক ও গণশিক্ষা অধিদফতরের মহাপরিচালক আবু হেনা মোস্তফা কামাল বলেন, প্রাথমিক স্কুলে ঝরে পড়ার হার রোধ ও মানসম্মত শিক্ষা প্রদানে এমন পরিপত্র জারি করা হয়েছে। তিনি বলেন, যারা এসব নির্দেশনা অমান্য করবে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

পরিপত্রে বলা হয়েছে, প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের নিয়মিত স্কুলমুখী করতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বেশ কয়েকটি নির্দেশনা গ্রহণ করেছে। নির্দেশনার মধ্যে রয়েছে- প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম জানুয়ারির মধ্যে সম্পন্নকরণ, ক্লাস রুটিনে প্রথম পিরিয়ড ও শেষ পিরিয়ডে প্রধান শিক্ষককে ক্লাস নিতে হবে, শিক্ষকদের ক্লাসে প্রবেশের পূর্বে 'লেসন প্ল্যান' অনুযায়ী ডিজিটাল কন্টেন্ট তৈরি করা, কন্টেন্ট বা লেসন প্ল্যান নিয়ে প্রতি সপ্তাহে প্রধান শিক্ষকসহ অন্য শিক্ষকদের সমন্বয়ে তা মূল্যায়ন করতে হবে, প্রতিটি শ্রেণীতে দুর্বল শিক্ষার্থীদের আলাদাভাবে যত্ন নিয়ে সক্ষমতা বাড়ানো, শিক্ষার্থীদের খেলাধুলার ব্যবস্থা করা, স্টুডেন্ট কাউন্সিল গঠন, শিক্ষকদের আচার-আচরণ ও ড্রেস কোড নিশ্চিতকরণ, শিক্ষার্থীদের ড্রেস প্রদান ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পরামর্শ, স্বাস্থ্যগত পরামর্শ ও ফার্স্ট এইড ব্যবহারসহ ১৫টি নির্দেশনা দেয়া হয়েছে।